



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ আদায় বিভাগ-১

ঋআবি-১ পরিপত্র নং-২/২০১৮

তারিখ-১৪.০৫.২০১৮

বিষয়: সুদ মওকুফ নীতিমালা সংশোধন প্রসঙ্গে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের দীর্ঘদিনের মন্দ ও ক্ষতি হিসেবে শ্রেণীকৃত ঋণ আদায় তরান্বিত করা তথা প্রকৃত ক্ষতিগ্রস্ত ঋণ গ্রহিতাদের প্রতিকূল অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে মন্দ ও ক্ষতি হিসেবে শ্রেণী বিন্যাসিত ঋণের সার্বিক অবস্থা বিবেচনা করে এবং প্রাকৃতিক দুর্যোগের কারণে সৃষ্ট প্রতিকূল অবস্থা কাটিয়ে উঠার লক্ষ্যে অত্র ব্যাংকের সুদ মওকুফের নীতিমালা পর্যালোচনা করে রাকাব পরিচালনা পর্ষদে ১৮.০১.২০১৮ অনুষ্ঠিত ৪৬৯তম সভায় নতুন সুদ মওকুফ নীতিমালা অনুমোদন প্রদান করেন। তৎপ্রেক্ষিতে ঋণ আদায় বিভাগ-১ হতে ০৫.০২.২০১৮ তারিখের পরিপত্র নং-ঋআবি-১ পরিপত্র নং-০১/২০১৮ মারফত সুদ মওকুফ নীতিমালাটি মাঠ পর্যায়ে জারী করা হয়। পরবর্তীতে সুদ মওকুফ নীতিমালা আরো সহজীকরণ ও সরলীকরণের নিমিত্ত বিদ্যমান সুদ মওকুফ নীতিমালার অন্যান্য সকল শর্তাবলী নির্দেশনা অপরিবর্তিত রেখে রাকাব, পরিচালনা পর্ষদের ১৩ মে ২০১৮ তারিখে ৪৭৬ম সভায় প্রচলিত নীতিমালার ক্রমিক নং-২ এর ক অনুচ্ছেদের শর্তাবলী নিম্নোক্তভাবে সংশোধন করে অনুমোদন প্রদান করা হয়।

অনুচ্ছেদ নং	ঋআবি-১ পরিপত্র নং-০১/২০১৮ এর বর্ণিত শর্ত	সংশোধনী
২এর ক	অর্থ মন্ত্রণালয় কর্তৃক দেয় নীতিমালার আলোকে মূল শর্তাবলী পরিপালন সাপেক্ষে ৩০.০৬.২০১৩ বা তৎপূর্বে মন্দ ও ক্ষতি হিসেবে শ্রেণীকৃত ঋণের সুদ মওকুফ বিবেচনাযোগ্য।	অর্থ মন্ত্রণালয় কর্তৃক দেয় সুদ মওকুফ নীতিমালার আলোকে মূল শর্তাবলী পরিপালন সাপেক্ষে সুদ মওকুফ আবেদনের তারিখে তিন বছর এবং তদূর্ধ্ব সময়ে মন্দ ও ক্ষতি হিসেবে শ্রেণীকৃত হলে সুদ মওকুফ বিবেচনাযোগ্য।

পরিচালনা পর্ষদের উপর্যুক্ত সিদ্ধান্ত যথাযথ পরিপালন করার পরামর্শ দেয়া হলো।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অর্জিত মুনাফার সিংহভাগই আসে ঋণ ও অগ্রিমের উপর আরোপিত সুদ হতে। সুদ আয়ই ব্যাংকের মুনাফা অর্জন/লোকসান হ্রাসের মুখ্য ভূমিকা পালন করে। এই প্রেক্ষাপটে যুক্তিসংগত ও গ্রহণযোগ্য কারণ ব্যতিত অন্যান্য সকল ক্ষেত্রে সুদ মওকুফকরণ নিরুৎসাহিত করতে হবে।

মো: মাহফুজুর রহমান

উপ-মহাব্যবস্থাপক

প্রকা/ঋআবি-১/১৯(অংশ)/২০১৭-২০১৮/৭৯৭(৪৫২)

তারিখ: ১৪.০৫.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ৯। অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। অফিস নথি/মহানথি।

(মো: বদিউজ্জামান)

উর্ধতন কর্মকর্তা